



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

বামাশিবো/প্রশা/ভোলা-১১৮/ ২৩০৮

তারিখঃ ১০/০৬/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার সদর উপজেলাধীন দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদরাসার সুপার জনাব আবুল হাছানাত মোঃ আব্দুল হাই ম্যানেজিং কমিটির সদস্য জনাব মোঃ শফিউল্যা এর বিরুদ্ধে অভিযোগ এনে একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন (কপি সংযুক্ত)। অভিযোগপত্রে এজেভাবিহীন নোটিশ ও রেজুলেশন বহিতে স্বাক্ষর নেওয়া এবং মূল নোটিশ ও রেজুলেশন বহি আটক রেখে তাঁকে পদত্যাগ করার জন্য চাপ সৃষ্টি করছেন বলে উল্লেখ রয়েছে।

বর্ণিত অবস্থায় উল্লিখিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ----- (-----) পাতা।

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
ভোলা সদর, ভোলা।

বামাশিবো/প্রশা/ভোলা-১১৮/

তারিখঃ ১০/০৬/২০১৭ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। জেলা প্রশাসক, ভোলা।
- ২। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভোলা সদর।
- ৪। সভাপতি, ম্যানেজিং কমিটি, দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদরাসা, পোঃ ভোলা, উপজেলা: ভোলা সদর, জেলা: ভোলা।
- ৫। সুপার, দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদরাসা, পোঃ ভোলা, উপজেলা: ভোলা সদর, জেলা: ভোলা।
- ৬। জনাব মোঃ শফিউল্যা, সদস্য ম্যানেজিং কমিটি, দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদরাসা, পোঃ ভোলা, উপজেলা: ভোলা সদর, জেলা: ভোলা।
- ৭। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪

দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদ্রাসা

ডাকঘর- ভোলা, উপজেলা : ভোলা সদর, জেলা : ভোলা।

স্থাপিত : ১৯৭৫ইং

মাদ্রাসা কোডা নং- ১৬৮৪৩, ইনডেক্স নং- ৫০২১০২২১০৩, মোবা: ০১৭১৪৩৪০৯১৪

পোস্ট কোড- ৮৩০০, জেলা কোড নং- ৫৬, থানা কোড- ৪৫৭, EIIN NO- 101172

সূত্র :

তারিখ : ২৫/০৪/২০১৭ইং

বরাবর,

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয় : দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট হিসেবে মাদ্রাসার নোটিশ বই ও রেজুলেশন বই সংরক্ষণ করার এবং ০১/০৪/২০১৭ইং তারিখের কমিটি রেজুলেশন বাতিল করার জন্য আবেদন।

মহাত্মন,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী ইতিপূর্বে আপনার সমীপে বিভিন্ন বিষয়ের উপর আবেদন করিয়াছিলাম। ইহার মধ্যে একটি আবেদন আপনার নিকট ১১/১০/২০১৫ইং তারিখের আবেদনটি ২৯/১০/২০১৫ইং প্রত্যাহার করিয়াছি এবং অন্যান্য আবেদনগুলো আপনার অফিসে সংরক্ষিত অবস্থায় আছে। আবেদন প্রত্যাহারের আলোকে মাদ্রাসার বর্তমান কমিটিকে অনুমোদন দেন। কিন্তু বড়ই পরিতাপের বিষয় এই যে, বর্তমান বছরের ০১/০১/২০১৭ইং তারিখে থেকে আমার নিকট থেকে মাদ্রাসার সদস্য মোঃ শফিউল্যা নোটিশ বই ও রেজুলেশন বই নিয়ে জান। উক্ত নোটিশ ও রেজুলেশন বইতে কোন এজেন্ডার না লিখে আমার নিকট থেকে সাদা রেজুলেশন ও নোটিশ বইতে স্বাক্ষর নিয়ে মাদ্রাসার করনিক মোঃ মাহাবুব আলম, মাদ্রাসার কমিটির সদস্য মোঃ শফিউল্যার বাগিনাকে দিয়ে বিভিন্ন আলোচনার বিপরিত সিদ্ধান্তবলি রেজুলেশন খাতায় উত্তোলন করে। আমি তার প্রতিবাদ করলে ডিসেম্বর ২০১৬ইং মাসের শিক্ষক ও কর্মচারীরদের বেতন বিল সভাপতিকে দিয়ে পাশকরা বন্ধ রাখেন। আমার চাকুরী মেয়াদ ০৩ (তিন) বছর থাকিতে আমাকে স্বেচ্ছায় পদত্যাগ করার জন্য বলে। আমি পদত্যাগ পত্র না দিলে আমাকে বিভিন্ন মামলা মোকদ্দমায় দিয়ে চাকুরী থেকে বাদ দিয়া দিবে বলিয়া হুমকি প্রদান করে। বিগত ০১/০৪/২০১৭ইং তারিখ আমার নিকট থেকে রেজুলেশন খাতায় স্বাক্ষর নিয়ে আলোচনা সম্পূর্ণ বিপরিত সিদ্ধান্ত উঠাইয়া আমাকে ২৫/০৪/২০১৭ইং তারিখ তার একটা কপি দেন।

অতএব, মহোদয় সমীপে আকুর আবেদন আমার উক্ত আবেদনের আলোকে আইনগত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে আপনার একান্ত মর্জি মোবারক কামনা করছি।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র আবেদন পত্রের কপি প্রেরিত হইল।

১। রেজিষ্টার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২। জেলা প্রশাসক সাহেব, ভোলা।

৩। উপজেলা চেয়ারম্যান, ভোলা সদর, ভোলা।

সংযুক্ত কাগজপত্র :

১। বিগত এম.পি ১১০/৯৩নং মামলার মোঃ সিহাব উদ্দিন বাদী কর্তৃক দাখিলকৃত মোকদ্দমার আরজির দুইজন ম্যাজিস্ট্রেটের তদন্ত প্রতিবেদন।

বিনীত নিবেদক

(আবুল হাছানাত মোঃ আব্দুল হাই)

সুপারিনটেনডেন্ট/ সম্পাদক

দড়িরাম শংকর মনির উদ্দিন বালিকা দাখিল মাদ্রাসা